

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুমকী, পটুয়াখালী
www.doict.dumki.patuakhali.gov.bd


স্মারক নং- ৫৬.০৪.৭৮৫৫.০০০.৩১.০০১.১৯- ০০২

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাবের চুরি যাওয়া সরঞ্জামাদি উদ্ধার বা ক্রয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫/০৯/২০১৯ তারিখে এ.বি.এন মাধ্যমিক বিদ্যালয়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনকালে জানা যায় উক্ত বিদ্যালয়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ১৭/০৮/২০১৯ তারিখ রোজ শনিবার ১টি এলইডি টিভি, ১টি স্ক্যানার, ১টি ল্যাপটপ এবং ৩টি ল্যাপটপের চার্জার চুরি হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত গাইডলাইনের ১৭নং বিধি অনুযায়ী ল্যাবের মালামাল চুরি বা খোয়া গেলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানসহ পরিচালনা পরিষদের উপর বর্তাবে এবং চুরি যাওয়ার ৩০ দিনের মধ্যে উক্ত সরঞ্জামাদি উদ্ধার বা ক্রয় করে ল্যাব পুনঃস্থাপন করতে হবে।

এমতাবস্থায়, চুরি যাওয়া সরঞ্জামাদি উদ্ধার বা ক্রয় করে অবিলম্বে ল্যাব পুনঃস্থাপন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(সুভ্রা কুতু)

সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
দুমকী, পটুয়াখালী।

ই-মেইলঃ shuvracse11@gmail.com


পূদনামঃ প্রধান শিক্ষক
অফিসের ঠিকানাঃ এ.বি.এন মাধ্যমিক বিদ্যালয়, দুমকী, পটুয়াখালী

স্মারক নং- ৫৬.০৪.৭৮৫৫.০০০.৩১.০০১.১৯- ০০২

তারিখঃ ২৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী।
৩. প্রোগ্রামার, পটুয়াখালী।
৪. অফিস কপি


(সুভ্রা কুতু)

সহকারী প্রোগ্রামার